



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৪-০৫-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির আওতাধীন 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' সম্পর্কিত উপ-কমিটির ৩য় জরুরী সভা অদ্য ০৪-০৫-২০২১ তারিখ মঙ্গলবার বেলা ১১:৩০ ঘটিকায় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি। সভায় বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১ এ অংশগ্রহনকারী ক্লাব সমূহের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১। আগামী ২৫ মে ২০২১ তারিখ পর্যন্ত 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপলীগ ২০২০-২১' এর ২য় খেলোয়াড় রেজিস্ট্রেশন উইন্ডো চলমান থাকবে।
- ২। আগামী ৩১ মে ২০২১ তারিখ হতে 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপলীগ ২০২০-২১' এর ২য় পর্বের খেলা স্বাস্থ্য বিধি মেনে দর্শকশূন্যভাবে অনুষ্ঠিত হবে এবং বৃষ্টির মৌসুমে লীগের খেলা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রতিদিন ২/৩ টি খেলা আয়োজন করা হবে।
- ৩। অংশগ্রহনকারী সকল দলের খেলোয়াড়, কর্মকর্তা ও খেলা পরিচালনাকারী রেফারীগণের লীগের ২য় পর্বের খেলা শুরু করার পূর্বে কোভিড-১৯ রোগ নিরূপন পরীক্ষা বাধ্যতামূলক। এছাড়াও লীগ চলমান অবস্থায় প্রতি ২১ দিন পর পর কোভিড-১৯ রোগ নিরূপন পরীক্ষা করতে হবে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।